

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১০৩২

২৩. কুরবানী সম্পর্কিত অধ্যায় (کتاب الضحایا) পরিচ্ছেদঃ ৪. করবানীর গোশত রাখিয়া দেওয়া

بَابِ ادِّخَارِ لُحُومِ الْأَضاحِيِّ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ وَاقِدٍ أَنَّهُ قَالَ نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ أَكْلِ لُحُومِ الضَّحَايَا بَعْدَ ثَلَاثٍ قَالَ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي بَكْرٍ فَذَكَرْتُ ذَلِكَ لِعَمْرَةَ بِنْتِ عَبْدِ الرَّحْمَنِ فَقَالَتْ صَدَقَ سَمِعْتُ عَائِشَةَ زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَقُولُ دَفَّ نَاسٌ مِنْ أَهْلِ الْبَادِيَةِ حَصْرَةَ الْأَصْحَى فِي زَمَانِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ادَّخِرُوا لِثَلَاثُ وَتَصَدَّقُوا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ادَّخِرُوا لِثَلَاثُ وَتَصَدَّقُوا بِمَا بَقِي قَالَتْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ادَّخِرُوا لِثَلَاثُ وَتَصَدَّقُوا بِمَا بَقِي قَالَتْ فَلَمَّا كَانَ بَعْدَ ذَلِكَ قِيلَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَقَدْ كَانَ النَّاسُ بِمَا بَقِي قَالَتْ فَلَمَّا كَانَ بَعْدَ ذَلِكَ قِيلَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَقَدْ كَانَ النَّاسُ مَنَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا ذَلِكَ أَوْ كَمَا قَالُ وَلَوْ اللَّهِ صَلَّى النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا ذَلِكَ أَوْ كَمَا قَالُ قَالُوا نَهَيْتَ عَنْ لُحُومِ الضَّحَايَا بَعْدَ ثَلَاثٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَا ذَلِكَ أَوْ كَمَا قَالَ قَالُوا نَهَيْتَ عَنْ لُحُومِ الضَّحَايَا بَعْدَ ثَلَاثٍ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا نَهَيْتُكُمْ مِنْ أَجْلِ الدَّاقَةِ الَّتِي دَقَّتْ عَلَيْكُمْ وَلَا الْمَدِينَةَ وَوْمًا مَسَاكِينَ قَدِمُوا الْمَدِينَةَ وَا وَادَّخِرُوا يَعْنِي بِالدَّاقَةِ قَوْمًا مَسَاكِينَ قَدِمُوا الْمَدِينَةَ

বাংলা

রেওয়ায়ত ৭. আবদুল্লাহ ইবন ওয়াকিদ (রহঃ) বর্ণনা করেন, তিন দিনের পর কুরবানীর মাংস খাইতে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করিয়াছেন। আবদুল্লাহ ইবন আবু বকর (রহঃ) বলেনঃ এই কথা আমি আমরা বিনত আবদুর রহমানকে গিয়া শুনাইলাম। তিনি বলিলেনঃ 'আবদুল্লাহ সত্য বলিয়াছেন। নবী করীম সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিণী আয়েশা (রাঃ)-এর নিকট শুনিয়াছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলায়হি ওয়া সাল্লামের সময় একবার ঈদুল আযহার দিন কিছু সংখ্যক বেদুঈন আসেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলিলেনঃ তিন দিনের মতো মাংস রাখিয়া বাকীটা খয়রাত করিয়া দাও। ইহার পর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট বলা হইল, পূর্বে লোকেরা কুরবানীর জন্তু দ্বারা ফায়দা লাভ করিত। ইহার চর্বি রাখিয়া দিত এবং চামড়া দ্বারা মশক বানাইয়া রাখিত। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম



বলিলেনঃ তোমরা কি বলিতে চাও? বলা হইলঃ আপনি তিন দিনের অতিরিক্ত কুরবানীর মাংস রাখিতে নিষেধ করিয়াছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিলেনঃ কিছু অভাবী লোক গ্রাম হইতে আসিয়া পড়িয়াছিল, তাই তিন দিনের অতিরিক্ত মাংস রাখিতে আমি নিষেধ করিয়াছিলাম। এখন তোমরা উহা খাও, খয়রাত কর এবং জমা করিয়া রাখিয়া দাও।

English

Yahya related to me from Malik from Abdullah ibn Abi Bakr that Abdullah ibn Waqid said, "The Messengerof Allah, may Allah bless him and grant him peace, forbade eating the meat from sacrificial animals after three days."

Abdullah ibn Abi Bakr said, "I mentioned that to Amra bint Abd ar-Rahman, and she affirmed that he had spoken the truth as she had heard A'isha, the wife of the Prophet, may Allah bless him and grant him peace, say, 'Some people from the desert came at the time of the sacrifice in the time of the Messenger of Allah, may Allah bless him and grant him peace, so the Messenger of Allah, may Allah bless him and grant him peace, said, 'Store up for three days, and give what is left over as sadaqa.' "

She said that afterwards some one said to the Messenger of Allah, may Allah bless him and grant him peace, that people had been accustomed to make use of their sacrificial animals, melting the fat and curing the skins. The Messenger of Allah, may Allah bless him and grant him peace, said, "What about that?" They said, "You have forbidden the meat of sacrificial animals after three days." The Messenger of Allah, may Allah bless him and grant him peace, said, "I only forbade you for the sake of the people who were coming to you. Eat, give sadaqa and store up."

By these people, he meant the poor people who were coming to Madina.

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন